দৈনিক
ইত্তেফাক

তারিখ 07 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ২২ শিক্ষকের বকেয়া বিল পাস হচ্ছে না

লোহাগড়া (নড়াইল) সংবাদদাতা

অনৈতিক সুবিধা না পাওয়ায় ২২ জন প্রাথমিক শিক্ষকের টাইমস্কেলের বকেয়া বিল পড়ে আছে লোহাগড়া উপজেলা হিসাবরক্ষণ অফিসে। হিসাবরক্ষণ অফিসের কর্মকর্তাদের অনৈতিক সুবিধা না দেয়ায় টালবাহানা করছে বলে প্রাথমিক শিক্ষকদের অভিযোগ। জানা গেছে, উপজেলার ২২ জন প্রাথমিক শিক্ষকের প্রথম থেকে তৃতীয় টাইমস্কেল গত বছরে পাওনা হয়।

সর্বশেষ পে-কমিশন কর্তৃক এ বিষয়ে ইতিবাচক নির্দেশনা দেয়ার পর শিক্ষকরা বেতন নির্ধারণসহ বিল তৈরি করে গত ৭ এপ্রিল উপজেলা হিসাবরক্ষণ অফিসে জমা দেন। উলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সাহেব আলী টাইমস্কেল পাস করানোর কথা বলে শিক্ষক প্রতি ২শত টাকা করে তোলেন। একমাস অতিবাহিত হলেও গত মঙ্গলবার বিকাল পর্যন্ত ওই বিল অনুমোদন করেনি হিসাবরক্ষণ অফিস। এ বিষয়ে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির উপজেলা শাখার সাধারণ সম্পাদক মো. চঞ্চল শেখ বলেন, এ বিলের ব্যাপারে আমি হিসাবরক্ষণ অফিসের অডিটর মোঃ মহিদুল ইসলামকে জিজ্ঞাসা করলে তিনি এ বিষয়ে কিছু জানেন না বলে সহকারী শিক্ষক সাহেব আলীর সাথে যোগাযোগ করতে বলেন।

শিক্ষক সাহেব আলী বলেন, প্রথমবার হিসাবরক্ষণ অফিসে এ ব্যাপারে ২ হাজার টাকা দেয়া হয়েছে। এ ব্যাপারে উপজেলা হিসাবরক্ষণ অফিসার মো. তবিবুর রহমান বলেন, আমি বিলের বিষয়ে কিছু জানি না। এখন জানতে পারলাম, কয়েক দিনের মধ্যে করে দেব।